যায়যায়দিন

তারিখ 2 5 NOV 2007

পৃষ্ঠা 9 কলাম 7

# খাগড়াছড়ি সরকারি কলেজে ছাত্রদের দু'গ্রুপে হাঙ্গামা

খাগড়াছড়ি প্রতিনিধি

খাগড়াছড়ি সরকারি কলেজে ছাত্রদের দু'গ্রুপের সংঘর্ষে তিন ছাত্র আহত হয়েছে। এর মধ্যে মোঃ মহিউদ্দিন নামে একাদশ দ্বিতীয় বর্ষের এক ছাত্রকে গুরুতর আহত অবস্থায় সদর হসপিটালে ভর্তি করা হয়েছে। বর্তমানে কলেজে উত্তেজনা বিরাজ করছে। তবে তাৎক্ষণিকভাবে পুলিশ ও নিরাপত্তা বাহিনীর হস্তক্ষেপের কারণে কোনো বড় ঘটনা ঘটেনি।



পুলিশ ও কলেজ সূত্রে জানা যায়, জুনিয়র ও সিনিয়র ছাত্রদের মধ্যে গত ২-৩ দিন ধরে কলেজে উত্তেজনা চলছিল। এক পর্যায়ে শনিবার সকালে একাদশ শ্রেণীর দ্বিতীয় বর্ষের ছাত্র মহিউদ্দিনের ওপর জুনিয়র ছাত্ররা পূর্ব পরিকল্পিতভাবে হামলা চালায়। পরে তা পাহাড়ি-বাঙালি সংঘর্ষে রূপ নেয়। এ সময় উভয় গ্রুপের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া চলে। সংঘর্ষ চলাকালে পাহাড়ি ছাত্রদের হাতে রড ও ধারালো অস্ত্র থাকায় এলাকার লোকজন এগিয়ে এসে তা প্রতিহত করে। পুলিশ ও নিরাপত্তা বাহিনীর সদস্যরা কলেজ ক্যাম্পাসে অবস্থান নিলে পরিস্থিতি শান্ত হয়। ঘটনায় আহত অন্য দু'জন একাদশ শ্রেণীর দ্বিতীয় বর্ষের ছাত্র টেংগু চাকমা ও মোঃ তসিব। ঘটনার পরপরই কলেজ কর্তৃপক্ষ ক্লাস সাময়িক বন্ধ করে দেয়।